

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রকল্প পরিচালকের কার্যালয়
 ‘সিরতা, ময়মনসিংহ ও কালকিনি, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ
 এবং বায়তুল মোকাররম ডায়াগনস্টিক সেন্টার শক্তিশালীকরণ’ শীর্ষক প্রকল্প
 ইসলামিক ফাউন্ডেশন
 প্লট ৪-ই-৪/এ, ব্রকং সিডিক সেক্টর
 সেকশন : আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-১৬.০১.০০০০.০১৮.০২.০২০.১৮.২১১২

তারিখ : ০৬/০৪/২০১৮ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নারীন ‘সিরতা, ময়মনসিংহ ও কালকিনি, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়াগনস্টিক সেন্টার শক্তিশালীকরণ’ প্রকল্পের নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অঙ্গায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালীন জনবল নিয়োগের নিমিত্তে নিম্নোক্ত শর্তানুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমঃ	পদের নাম	পদের সংখ্যা	সর্বোচ্চ বয়স	বেতন ছেড়ে/সাকুল্য বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)	১(এক)	৩০ বছর	(বেতন ছেড়ে-১০) ১৬,০০০/-	৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রাপ্ত ও কমপক্ষে ২য় শ্রেণীতে উত্তীর্ণ হতে হবে।
২.	উপ সহকারী প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল)	১(এক)	৩০ বছর	(বেতন ছেড়ে-১০) ১৬,০০০/-	৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রাপ্ত ও কমপক্ষে ২য় শ্রেণীতে উত্তীর্ণ হতে হবে।
৩.	হিসাব বক্ষক	১(এক)	৩০ বছর	(বেতন ছেড়ে-১৩) ১১,০০০/-	কমপক্ষে ২য় শ্রেণীতে বি, কম উত্তীর্ণ হতে হবে। সংশ্লিষ্ট পদে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা।
৪.	কম্পিউটার অপারেটর	১(এক)	৩০ বছর	(বেতন ছেড়ে-১৩) ১১,০০০/-	স্নাতক/সমমানের পরীক্ষায় ২য় শ্রেণীতে উত্তীর্ণ। কম্পিউটার টাইপ জানা আবশ্যিক। কম্পিউটার গতি বাংলা-২৫ শব্দ, ইংরেজী-৩০শব্দ (প্রতি মিনিট সর্বনিম্ন)

শর্তাবলী :

- : প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/১২/১৪ খ্রি. তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক পরিপত্র
মোতাবেক নির্ধারিত আবেদনের মডেল ফরমে প্রকল্প পরিচালক, ‘সিরতা, ময়মনসিংহ ও কালকিনি, মাদারীপুর ইসলামিক
মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়াগনস্টিক সেন্টার শক্তিশালীকরণ’ প্রকল্প ইসলামিক
ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ২৪-০৪-২০১৮ তারিখ অফিস চলাকালীন
ডাকযোগে/কুরিয়ার সার্ভিসযোগে/সরাসরি আবেদনপত্র পৌছাতে হবে। মডেল আবেদন ফরমটি ইসলামিক ফাউন্ডেশনের
ওয়েব সাইট www.islamicfoundation.gov.bd-তে পাওয়া যাবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত কোন
আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ২. আবেদনপত্রের সাথে ‘সিরতা, ময়মনসিংহ ও কালকিনি, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং
বায়তুল মোকাররম ডায়াগনস্টিক সেন্টার শক্তিশালীকরণ’ প্রকল্প এর অনুকূলে সোনালী ব্যাংক এর যে কোনো শাখা হতে
১-২ নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকার এবং ৩-৪ নং পদের জন্য ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট
(অফেরতযোগ্য) জমা দিতে হবে।
- ৩. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীর প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৪. মৌখিক পরীক্ষা/সাক্ষাত্কার গ্রহণের সময় প্রার্থীদেরকে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য সকল সনদপত্রের মূল কপি
প্রদর্শন করতে হবে।
- ৫. প্রার্থীকে আবেদনপত্রের সাথে ৪ (চার) টাকা মূল্যের ডাকটিকেটসহ ৪.৫×৯.৫ ইঞ্চি সাইজের পত্র যোগাযোগের ঠিকানা
সম্পর্কিত একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- ৬. আবেদনের সাথে সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ৭. প্রার্থীদের পরীক্ষার তারিখ, সময় ও স্থান আবেদনপত্রে প্রদত্ত যোগাযোগের ঠিকানা সম্পর্কিত খামে চিঠির মাধ্যমে যথাসময়ে
জানানো হবে।

৮. প্রার্থীর বয়স বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে পদের পার্শ্বে উল্লিখিত বয়সসীমার মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
৯. নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পোষ্য, মহিলা, ক্ষুদ্র ন্ত-গোষ্ঠী ও অন্যান্য কোটা সংক্রান্ত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোন নির্ধারিত কোটার বিপরীতে আবেদন করলে তা আবেদনপত্রে উল্লেখ করতে হবে এবং বর্ণিত কোটার স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র/সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অন্যথায় কোটার জন্য বিবেচনা করা হবে না।
১০. প্রার্থী প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা,পুত্র কন্যার পুত্র কন্যা হলে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা সাটিফিকেট (সরকারী নির্দেশ অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে)-এর সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।
১১. নির্ধারিত ফরম ব্যতিত অথবা অসম্পূর্ণ বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১২. প্রার্থী যদি বাংলাদেশী নাগরিক না হন অথবা বাংলাদেশী নাগরিক নন এরূপ কোন ব্যক্তিকে বিবাহ করে থাকেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রূতিবদ্ধ হয়ে থাকেন তবে তিনি চাকুরীতে নিয়োগ লাভের জন্য বিবেচিত হবেন না।
১৩. নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৪. সকল পদের প্রার্থীদের ইসলাম ধর্মের বাস্তব অনুসারী হতে হবে।
১৫. এ নিয়োগ প্রকল্প মেয়াদের জন্য প্রযোজ্য হবে এবং প্রকল্পের মেয়াদ শেষে চাকুরীকাল সমাপ্ত বলে গণ্য হবে।
১৬. শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এরূপ কোন বিষয় বাদ পড়লে সেক্ষেত্রে সরকারী বিধি বিধান অনুসরণ করা হবে।

১২১২৩নং

(ডাঃ এ,কে,এম বদরুল আহসান)

প্রকল্প পরিচালক

‘সিরতা, ময়মনসিংহ ও কালকিনি, মাদারীপুর

ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ

এবং বায়তুল মোকাররম ডায়াগনস্টিক সেন্টার শক্তিশালীকরণ’ শীর্ষক প্রকল্প

ইসলামিক ফাউন্ডেশন।